দৈনিক জনকণ্ঠ

তারিখ ...22 JAN 1998...
পৃষ্ঠা 80 কলাম 2

01

উন্নয়ন পরিষদ আয়োজিত 'জাতীয় শিক্ষানীতি' সম্পর্কে আলোচনা

# মার্চ মাসে সংসদে শিক্ষানীতি প্রণয়ন কমিটির রিপোর্ট উপস্থাপন করা হবে ॥ শিক্ষামন্ত্রী

**স্টাফ রিপোর্টার ॥** শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক বলেছেন, আগামী মার্চ অথবা মে মাসে জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটির রিপোর্ট আলোচনার জন্য সংসদে উপস্থাপন করা হবে। তিনি বলেন, তখন বিরোধী দল সংসদে ফিরে যাবে বলে আশা করছি। সকলের সুচিন্তিত মতামতের ভিত্তিতে জাতীয় শিক্ষানীতি চূড়ান্ত করা সম্ভব হবে বলে মন্ত্রী আশা প্রকাশ করেন।

বাংলাদেশ উন্নয়ন পরিষদ আয়োজিত 'জাতীয় শিক্ষানীতি' শীর্ষক গোলটেবিল বৈঠকে প্রধান অতিথির বক্তৃতায় তিনি একথা বলেন, বুধবার পরিষদ মিলনায়তনে এ বৈঠক অনুষ্ঠিত হয়। শিক্ষামন্ত্রী বলেন, ক্যাবিনেট ও পার্লামেন্টে আলোচনার পর এ বছর থেকেই শিক্ষানীতি বাস্তবায়নের কাজ শুরু হবে। এ কাজ করতে গিয়ে যে বিপুল পরিমাণ অর্থের প্রয়োজন হবে সে সম্পর্কে শিক্ষামন্ত্রী বলেন, চেষ্টা করলে অর্থের অভাব হবে না। ইতোমধ্যে অর্থের ব্যাপারে বিশ্বব্যাংকের সাথে কথা হয়েছে বলে মন্ত্রী জানান। জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটির রিপোর্ট সম্পর্কে তিনি বলেন, এটা চূড়ান্ত রিপোর্ট নয়, এখনও এ রিপোর্টে সংযোজন-বিয়োজনের যথেষ্ট সুযোগ আছে। তিনি শিক্ষা সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সুচিন্তিত অভিমত কামনা করেন। শিক্ষামন্ত্রী বলেন, প্রাথমিক শিক্ষাকে স্থানীয় সরকারের আওতায় দেয়া হবে।

গোলটেবিল বৈঠকে সভাপতিত্ব করেন উন্নয়ন পরিষদের চেয়ারম্যান ডঃ কাজী খলীকুজ্জামান আহমদ। বক্তৃতা করেন আব্দুল্লাহ আল মুতী শরফুদ্দীন, ডঃ কাজী সালেহ আহমদ, ডঃ জাহেদা আহমদ, অধ্যাপক শরিফা খাতুন, অধ্যাপক এম আমিনুল ইসলাম, ডঃ আইনুন নিশাত, এম মুজিবুল হক, ডঃ ইউসুফ জাই, সৈয়দ আব্দুল হাই, ডঃ শফিকুল ইসলাম, জাহানারা হক প্রমুখ।

বক্তারা জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটির রিপোর্টের ছোটখাটো অসঙ্গতি তুলে ধরেন। রিপোর্টের সার সংক্ষেপ অংশে উল্লেখিত ১৪টি ধারা গুরুত্ব অনুযায়ী সাজানো হয়নি বলে তাঁরা অভিমত প্রকাশ করেন এবং ক্রমিক নম্বর উঠিয়ে প্রতি ধারার আগে ড্যাশ চিহ্ন দেয়ার সুপারিশ করেন। শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য অংশে নেতৃত্ব ও সৃজনশীলতার কথা অন্তর্ভুক্ত করার জন্য তাঁরা আহ্বান জানান। মাদ্রাসা শিক্ষা সম্পর্কে অধিকাংশ বক্তা নেতিবাচক মনোভাব প্রকাশ করেন। তাঁরা বলেন, মাদ্রাসা শিক্ষা মুক্তিযুদ্ধের চেতনার সাথে কতটা সঙ্গতিপূর্ণ তা ভেবে দেখার বিষয়। এ প্রসঙ্গে তাঁরা বলেন, মুক্তিযুদ্ধের চেতনা মানে ধর্মনিরপেক্ষতা, ধর্মহীনতা নয়।